

ত্রাত-তাকভীর | At-Takwir | اُلتَّكُوير

আয়াতঃ ৮১: ৪

💵 আরবি মূল আয়াত:

وَ إِذَا العِشَارُ عُطِّلَت ﴿٢﴾

আর যখন দশমাসের গর্ভবতী উদ্ধীগুলো উপেক্ষিত হবে। — আল-বায়ান
যখন দশ মাসের গর্ভবতী উটনিগুলোকে অযত্নে পরিত্যাগ করা হবে, — তাইসিরুল
যখন পূর্ণ-গর্ভা উদ্ধী উপেক্ষিত হবে, — মুজিবুর রহমান

And when full-term she-camels are neglected — Sahih International

- ৪. আর যখন পূর্ণগর্ভা মাদী উট উপেক্ষিত হবে(১),
 - (১) আরবদেরকে কিয়ামতের ভায়াবহ অবস্থা বুঝাবার জন্য এটি ছিল একটি চমৎকার বর্ণনা পদ্ধতি। কেননা কুরআন আরবদেরই সম্বোধন করা হয়েছে। আরবদের কাছে গর্ভবতী মাদী উট, যার প্রসবের সময় অতি নিকটে, তার চাইতে বেশী মূল্যবান আর কোন সম্পদই ছিল না। এ সময় তার হেফাজত ও দেখাশুনার জন্য সবচেয়ে বেশী যত্ন নেয়া হতো। এই ধরনের উদ্বীদের থেকে লোকদের গাফেল হয়ে যাওয়ার মানে এই দাঁড়ায় যে, তখন নিশ্চয়ই এমন কোন কঠিন বিপদ লোকদের ওপর এসে পড়বে যার ফলে তাদের নিজেদের এই সবচেয়ে প্রিয় সম্পদ সংরক্ষণের কথা তাদের খেয়ালই থাকবে না। [ইবন কাসীর, সা'দী]

তাফসীরে জাকারিয়া

৪। যখন পূর্ণ-গর্ভা উদ্রী উপেক্ষিতা হবে, [1]

[1] عشار এমন গাভীন উট যার দশ মাস পূর্ণ হয়ে গেছে। এমন উট সে যুগে আরববাসীদের নিকট খুবই প্রিয় এবং মূল্যবান ছিল। যখন কিয়ামত সংঘটিত হবে তখন এমন ভয়ানক দৃশ্য হবে যে, যদি কারো কাছে এ ধরনের মূল্যবান উটও থাকে তবুও সে তখন তারও পরোয়া করবে না।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5804

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন